গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২১ ডিসেম্বর ২০১৬,৭ পৌষ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিজিবির চেষ্টায় সীমান্তে হত্যা কমেছে : প্রধানমন্ত্রী

২। সংলাপের মাধ্যমে নির্বাচনী কাঠামো বেরিয়ে আসবে : রাষ্ট্রপতি

৩। আইওআরএ'র প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টের

৪। সাভারের আশুলিয়ায় তিন বছর বাড়িভাড়া বাড়বে না : বাণিজ্যমন্ত্রী

৫। অগ্রগতির চলমান ধারা অব্যাহত থাকলে প্রবৃদ্ধি ৭.৫ শতাংশ হতে পারে : পরিকল্পনামন্ত্রী

৬। হজের প্রাক-নিবন্ধন ১৫ জানুয়ারি শুরু

৭। আন্দোলনরত শ্রমিকরা কাজে না ফিরলে ব্যবস্থা : শ্রম প্রতিমন্ত্রী

৮। ঢাকা থেকে পায়রা বন্দর পর্যন্ত রেললাইন নির্মাণে সমঝোতা চুক্তি স্বাক্ষর

৯। প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটির ঘটনায় ৯ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

১০। জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল আগামী ২৯ ডিসেম্বর প্রকাশ করা হবে

১১। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটকেন্দ্রে কোনো
বিশৃঙ্খলা হলে গুলি করার নির্দেশ ডিআইজি'র

১২। সাভারের আশুলিয়ায় ৫৫ পোশাক কারখানা বন্ধ ঘোষণা : বিজিএমইএর সংবাদ সম্মেলন

চলমান পাতা-২

১। **বিজিবির চেষ্টায় সীমান্তে হত্যা কমেছে : প্রধানমন্ত্রী**

সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যায় উদ্বেগ প্রকাশ করলেও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) চেষ্টায় এ ধরনের ঘটনা কমে এসেছে। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার পিলখানায় বিজিবি দিবসের অনুষ্ঠানে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী বলেন, 'সীমান্তে নিরীহ বাংলাদেশী নিহতের ঘটনা আমাদের কাছে অত্যন্ত উদ্বেগের বিষয়। তবে সাম্প্রতিক বছরগুলোতে আপনাদের প্রচেষ্টায় বিএসএফের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক জোরদারের ফলে সীমান্তে নিহতের ঘটনা কমে এসেছে। পাশাপাশি সীমান্তরক্ষী বাহিনীর কঠোর অবস্থানের ফলে চোরাচালান, মাদক ও নারী-শিশু পাচার এবং সীমান্ত অপরাধ বহুলাংশে কমেছে বলে জানান সরকার প্রধান। প্রধানমন্ত্রী পিলখানায় বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর সদর দফতরে বিজিবি দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে বীরউত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে কুচাকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। প্রধানমন্ত্রী প্যারেড গ্রাউন্ডে পৌঁছালে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন তাকে স্বাগত জানান। কুচকাওয়াজে সালাম গ্রহণের পর প্রধানমন্ত্রী চলতি বছর বীরত্বপূর্ণ ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বিজিবি সদস্যদের মধ্য থেকে ১০ জনকে বর্ডার গার্ড বাংলাদেশ পদক (বিজিবিএম), ২০ জনকে রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক (পিবিএমএস), ১০ জনকে বর্ডার গার্ড বাংলাদেশ পদক-সেবা (বিজিবিএমএস) এবং ২০ জনকে রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা (পিবিজিএমএস) পরিয়ে দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ, বাংলাদেশ টুডে, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **জনকণ্ঠ, ইত্তেফাক, অবজারভার, এশিয়ান এজ** সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সংলাপের মাধ্যমে নির্বাচনী কাঠামো বেরিয়ে আসবে : রাষ্ট্রপতি**

রাজনৈতিক দলগুলোর সঙ্গে চলমান সংলাপ থেকে নির্বাচন কমিশন পুনর্গঠনে একটি গাইডলাইন বের হয়ে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। আর এই পুনর্গঠনে বর্তমান সংসদেই আইন প্রণয়নসহ পাঁচ দফা প্রস্তাব করেছে জাতীয় পার্টি (জাপা)। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার বঙ্গভবনে জাপার ১৮ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে সংলাপে রাষ্ট্রপতি এমন আশা করেন। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন বলেন, রাষ্ট্রপ্রধান জাতীয় পার্টির প্রতিনিধিদলকে স্বাগত জানান এবং নির্বাচন কমিশন গঠনে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনার আমন্ত্রণে আসার জন্য ধন্যবাদ জানান। রাজনৈতিক নেতাদের সঙ্গে মতবিনিময়ের এ সুযোগকে খুব গুরুত্বপূর্ণ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, জাতীয় পার্টির প্রস্তাবগুলো নির্বাচন কমিশন গঠনে ইতিবাচক অবদান রাখবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **যুগান্তর, বাংলাদেশ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **আইওআরএ'র প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টের**

ইন্দোনেশিয়ায় আগামী মার্চ মাসে অনুষ্ঠেয় ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশনের (আইওআরএ) ২০তম প্রতিষ্ঠাবার্ষিকীতে যোগদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানানো হয়েছে। ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী রেতনো এলপি মারসুদি গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে তার সঙ্গে সাক্ষাত করে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো'র আমন্ত্রণপত্র পৌঁছে দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৪। **সাভারের আশুলিয়ায় তিন বছর বাড়িভাড়া বাড়বে না : বাণিজ্যমন্ত্রী**

সাভারের আশুলিয়া এলাকায় তিন বছরের মধ্যে বাড়ির মালিকরা ভাড়া বাড়াতে পারবেন না। কেউ ভাড়া বাড়ালে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে তৈরি পোশাক শ্রমিক নেতাদের জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গত ১৯ ডিসেম্বর সোমবার রাজধানীর মিন্টো রোডে নৌপরিবহণ মন্ত্রীর বাসভবনে কারখানা মালিক, শ্রমিক ও সরকারের যৌথ বৈঠক শেষে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার থেকে সব শ্রমিক কাজে যাবেন। যারা কাজ করবেন না, তারা বেতন পাবেন না। তারপরও যদি স্বাভাবিক অবস্থার ফিরে না আসে, তাহলে ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, যেসব কারখানায় বেতন-ভাতা নিয়ে সমস্যা রয়েছে, সেগুলো মালিক পক্ষের সঙ্গে বসে সমাধান করা হবে। কোনো ভাবে কাজ বন্ধ রাখা যাবে না। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

৫। **অগ্রগতির চলমান ধারা অব্যাহত থাকলে প্রবৃদ্ধি ৭.৫ শতাংশ হতে পারে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, চলতি অর্থবছরে (২০১৬-১৭) প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৭ দশমিক ২ শতাংশ নির্ধারণ করা হয়েছে। তবে আমরা আশা করছি, অর্থনৈতিক বিভিন্ন সূচকের অগ্রগতির চলমান ধারা অব্যাহত থাকলে প্রবৃদ্ধির হার ৭ দশমিক ৫ শতাংশ হতে পারে। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর

শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে মিট দ্য প্রেস অনুষ্ঠানে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫)।

৬। পবিত্র হজের প্রাক-নিবন্ধন ১৫ জানুয়ারি শুরু

পবিত্র হজের প্রাক-নিবন্ধন কার্যক্রম শুরু হবে আগামী ১৫ জানুয়ারি। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর উত্তরার আশকোনা হজ প্রশিক্ষণার্থীদের এক অনুষ্ঠানে এ তথ্য জানান ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। মন্ত্রী বলেন, সরকারি ব্যবস্থাপনায় যারা হজে যাবেন, তাদের ৩০ হাজার টাকা এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৩০ হাজার ৭৫২ টাকা জমা দিয়ে প্রাক-নিবন্ধন করা যাবে। ২৪টি ব্যাংকের মাধ্যমে প্রাক-নিবন্ধন ফি এবং হজে যাওয়ার অর্থ জমা দেওয়া যাবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১,ক.১)।

৭। আন্দোলনরত শ্রমিকরা কাজে না ফিরলে ব্যবস্থা : শ্রম প্রতিমন্ত্রী

সাভারের আশুলিয়ায় পোশাক কারখানার আন্দোলনরত শ্রমিকরা কাজে ফিরে না গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। তিনি বলেন, কোনো একটি চক্র পোশাক খাত নিয়ে ষড়যন্ত্র করছে। পেছনের রাস্তা দিয়ে কেউ কিছু করার চেষ্টা করলে বরদাশত করা হবে না বলে হুশিয়ারি করেছেন তিনি। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে প্রতিমন্ত্রী এ কথা জানান। শ্রম প্রতিমন্ত্রী বলেন, আমি শ্রমিক ভাইদের অনুরোধ জানাব, তারা যাতে অনতিবিলম্বে এ কর্মবিরতি প্রত্যাহার করে কাজে যোগদান করেন। কারণ তাদের এ কর্মবিরতিটা শ্রম আইন অনুযায়ী সম্পূর্ণভাবে অবৈধ, এর আইনগত কোনো ভিত্তি নেই। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৮। ঢাকা থেকে পায়রা বন্দর পর্যন্ত রেললাইন নির্মাণে সমঝোতা চুক্তি স্বাক্ষর

ঢাকা থেকে পায়রা বন্দর পর্যন্ত ২৪০ কিলোমিটার রেললাইন নির্মাণে যুক্তরাজ্যের ডিপি রেলের সঙ্গে সমঝোতা চুক্তি করেছে বাংলাদেশ সরকার। ব্যয় ধরা হয়েছে ৬০ হাজার কোটি টাকা। চুক্তি অনুযায়ী যুক্তরাজ্যের প্রতিষ্ঠানটি নক্সা প্রণয়ন, অর্থায়ন, লাইন নির্মাণ ও পরিচালনার দায়িত্ব পালন করবে। এ কাজে সহযোগিতা করবে চায়না রেলওয়ে কনস্ট্রাকশন কপোরেশন। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার রেল ভবনে বাংলাদেশ রেলওয়ের পক্ষে অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) কাজী মো. রফিকুল আলম এবং ডিপি রেল লিমিটেড, ইউকের পক্ষে প্রধান নির্বাহী ইয়ান এস ডার্বিশায়ার চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে রেলমন্ত্রী মো. মুজিবুল হক এবং সফররত যুক্তরাজ্যের বাণিজ্য দূত রুশনারা আলী উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৯। প্রধানমন্ত্রীকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটির ঘটনায় ৯ কর্মকর্তার বিরুদ্ধে মামলা

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী বিমানে যান্ত্রিক ত্রুটির ঘটনায় বিমানের ৯ কর্মকর্তার বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর বিমানবন্দর থানায় এ মামলা দায়ের করা হয়। মামলায় বাদী হয়েছেন বাংলাদেশ বিমানের পরিচালক (মেইন্টেন্যান্স) উইং কমান্ডার (অব.) এম এম আসাদুজ্জামান। মামলার এজাহারে আসামিদের বিরুদ্ধে দায়িত্বে অবহেলার অভিযোগ আনা হয়েছে। বিমানবন্দর থানার ওসি নূরে আযম মিয়া মামলার বিষয়ে বলেন, গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার রাত সাড়ে ১২টার দিকে থানায় মামলাটি হয়। মামলায় এজাহারভুক্ত আসামিরা সবাই বিমানের মেইন্টেন্যান্স ও প্রকৌশলী বিভাগের কর্মকর্তা। আসামিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

১০। জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল আগামী ২৯ ডিসেম্বর প্রকাশ করা হবে

চলতি বছরের জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলাফল আগামী ২৯ ডিসেম্বর প্রকাশ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন বলেন, ওইদিন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশ করা হবে। এদিন সকালে প্রধানমন্ত্রীর কাছে জেএসসি ও জেডিসির ফলাফল তুলে দেওয়া হবে। পরে দুপুরে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফলাফলের বিস্তারিত তথ্য জানাবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১) **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

১১। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটকেন্দ্রে কোনো বিশৃঙ্খলা হলে গুলি করার নির্দেশ ডিআইজি'র

উৎসাহ-উদ্দীপনার এবং উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে শেষ হলো নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (নাসিক) নির্বাচনের প্রচার অভিযান। আগামী ২২ ডিসেম্বর বৃহস্পতিবার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট দিবেন পৌনে ৫ লাখ ভোটার। প্রচারের শেষ দিন গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার বিকেলে নারায়ণগঞ্জের চাষাঢ়া মোড়সহ বিভিন্ন এলাকা পরিণত হয়েছিল মিছিলের নগরীতে। এদিকে সুষ্ঠু নির্বাচনের পরিবেশ বজায় রাখতে ভোটকেন্দ্রে কোনো বিশৃঙ্খলা হলে গুলি করার নির্দেশ দিয়েছে পুলিশের ঢাকা রেঞ্জের ডিআইজি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

১২। সাভারের আশুলিয়ায় ৫৫ পোশাক কারখানা বন্ধ ঘোষণা : বিজিএমইএর সংবাদ সম্মেলন

শ্রমিক অসন্তোষের মুখে সাভারের আশুলিয়ার ৫৫টি তৈরি পোশাক কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে পোশাক প্রস্তুতকারী ও রফতানিকারকদের সংগঠন (বিজিএমইএ) গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার বিজিএমইএ'র সভাকক্ষে জরুরি সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন সংগঠনটির সভাপতি মো. সিদ্দিকুর রহমান। তিনি জানান, এ অঞ্চলে শ্রমিক অসন্তোষ পুরোপুরি দূর না হওয়া পর্যন্ত সব কারখানা বন্ধ থাকবে। শ্রম আইনের ১৩(১) ধারা অনুযায়ী কারখানা বন্ধ থাকার সময় বেতন পাবেন না শ্রমিকরা। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)। **ইত্তেফাক, প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশের প্রায় ২ কোটি ৬০ লাখ লোক নিরাপদ পানি সুবিধা হতে বঞ্চিত থাকার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের পাশাপাশি সবার সামগ্রিক প্রচেষ্টার মাধ্যমেই কেবল নিরাপদ পানি সমস্যার কার্যকর সমাধান নিশ্চিত হতে পারে বলে অভিমত ।

খ. **সংবাদ :** বাংলাদেশ জাতিসংঘের সবুজ জলবায়ু তহবিলের (জি এস এফ) স্থায়ী সদস্য পদ হারানোয় আন্তর্জাতিক ফোরামে দেশের ভাবমূর্তি বিনষ্ট হওয়ায় সরকার হারানো ভাবমূর্তি পুনরুদ্ধারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বলে প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ, যুগান্তর :** ভিভিআইপি ফ্লাইটের নিরাপত্তা নিশ্চিতে মন্ত্রণালয়ের তদন্ত প্রতিবেদনে যেসব সুপারিশ করা হয়েছে সেসব সুপারিশ বাস্তবায়নে দ্রুত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** পটুয়াখালীর বাউফল উপজেলার ঝুঁকিপূর্ণ তিন সেতু সংস্কার ও নিমার্ণে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল, ইনকিলাব :** নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচনে শান্তি ও শৃঙ্খলার ধারা বজায় থাকার প্রত্যাশা।

চ. **যায় যায় দিন :** জাতীয় ঔষধনীতি ২০১৬-এর সুষ্ঠু বাস্তবায়ন জরুরি বলে অভিমত।

ছ. **যুগান্তর :** অর্থনৈতিক কো-অর্ডিনেশন কাউন্সিলের সর্বশেষ সভায় নেওয়া শিল্প প্রতিষ্ঠানে দ্রুত গ্যাস-বিদ্যুৎ সংযোগ দেওয়ার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** দেশের শিল্প-কারখানাগুলোর অধিকাংশই ঢাকা ও চট্টগ্রামে গড়ে উঠায় দেশের অন্যান্য স্থান অবহেলিত রয়ে যাওয়ায় সরকারের নীতিনির্ধারকদের অনগ্রসর অঞ্চলের উন্নয়নে উন্নয়ন স্ট্রাটেজি সেভাবে প্রণয়নের সুপারিশ ।

ঝ. **ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস, ইনকিলাব :** দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৩টি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক নিয়োগ পরীক্ষায় আর্থিক লেনদেনের বিষয়ে টিআইবি'র প্রতিবেদন তুলে ধরে এ বিষয়ে যথাযথ পদক্ষেপের প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** এডুকেশন ওয়াচ রিপোর্ট ২০১৬-তে দেশের জনগণের স্বাক্ষরতার হার নিয়ে যে চিত্র উঠে এসেছে তাতে হতাশা প্রকাশ করে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা গুণগত মানসম্পন্ন করার ওপর গুরুত্বারোপ।

ট. **নিউ নেশন:** দেশের উৎপাদিত ২৭ হাজার ব্রান্ডের ওষুধের মধ্যে মাত্র ১১৭ ওষুধ, ওষুধ প্রশাসন অধিদপ্তরের নির্ধারিত দামে বিক্রি হলেও অবশিষ্টগুলো কোম্পানির নির্ধারিত দামে বিক্রি হওয়ায় প্রশাসনকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে প্রাথমিক বিদ্যালয়ের মান বাড়ানোর পাশাপাশি প্রাথমিক শিক্ষার্থীদের জীবন যাপনের মানও বাড়াতে হবে। তা না হলে প্রাথমিক বিদ্যালয় নিস্তরঙ্গই থেকে যাবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'মুক্তিযুদ্ধের দার্শনিক ভিত্তি ও আজকের প্রত্যাশা'** শিরোনামের নিবন্ধে অধ্যাপক ড. মীজানুর রহমান আমরা আবার যদি বাঙালির কৃষ্টি-কালচারে ফিরে যাই, তাহলে আমরা সোনার বাংলা গড়তে পারবো বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশিদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা